অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/7/2022 **গভর্নর ক্যাথি হোকল**

রাজ্যব্যাপী জলের পরিকাঠামোর প্রকল্পগুলির জন্য 255 মিলিয়ন ডলারের অনুদান উপলব্ধ বলে ঘোষণা করেছেন গভর্নর হোকল

পানীয় জলের সরবরাহ এবং অত্যাবশ্যক সংস্থানগুলি সুরক্ষিত করার জন্য নিউ ইয়র্কের পদক্ষেপের উদ্দেশ্যে 225 মিলিয়ন ডলারের অনুদান পৌরসভাগুলির জন্য

লক্ষ্য স্থির করা কাউন্টিগুলির জন্য 30 মিলিয়ন ডলার পুরোনো সেপটিক সেসপুল সিস্টেম প্রতিস্থাপন করাকে প্রণোদনা প্রদান করবে জলএর দূষণ প্রতিরোধ করার জন্য

সাফোক কাউন্টিকে 20 মিলিয়ন ডলার নিম্ন আমেনর বা ব্যর্থ হতে থাকা সিস্টেমের জন্য।

গভর্নর ক্যাথি হোকল আজ রাজ্যের গুরুত্বপূর্ণ জলের পরিকাঠামোর উন্নয়ন প্রকল্পগুলির জন্য 225 মিলিয়ন ডলার উপলব্ধ বলে ঘোষণা করেছেন, এই প্রকল্পগুলি রাজ্যের জলের পরিকাঠামোর উন্নতি, আন্তঃমিউনিসিপাল অনুদান, এবং রাজ্য সেপটিক সিস্টেম প্রতিস্থাপন কর্মসূচির মাধ্যমে জনস্বাস্থ্য এবং পরিবেশকে রক্ষা করবে৷ এই ঘোষণাটি নিউ ইয়র্কের জল ও নিকাশী ব্যবস্থাকে আপগ্রেড করতে, জলের দূষণ কমাতে এবং উদীয়মান দূষিত পদার্থ এবং বিষাক্ত রাসায়নিক পদার্থ থেকে অত্যাবশ্যক পানীয় জলের সরবরাহ রক্ষা করার জন্য গভর্নর হোকলের সর্বশেষ পদক্ষেপকে চিহ্নিত করে। সরকারি তহবিলের এই আধান স্থানীয় সরকারগুলির জন্য জলের পরিকাঠামোর বিনিয়োগগুলিকে আরও সাশ্রয়ী করতে এবং উৎপাদন, প্রকৌশল, নির্মাণ, কারখানার পরিচালনা এবং সংশ্লিষ্ট শিল্পের খাতে চাকরি তৈরি করতে সহায়তা করবে। ঘোষণাটি সাফোক কাউন্টিতে করা হয়েছিল যেখানে রাজ্যের সেপ্টিক রিপ্লেসমেন্ট প্রোগ্রাম থেকে 20 মিলিয়ন ডলার 2,000 টিরও বেশি নিম্নমানের বা ব্যর্থ সেপটিক সিস্টেম এবং সেসপুলগুলির মোকাবেলা করতে সাহায্য করবে যা উল্লেখযোগ্য জলের গুণমানের প্রতিবন্ধকতা সৃষ্টি করে৷

"প্রতিটি নিউইয়র্কবাসীর নিরাপদ, বিশুদ্ধ জলের অ্যাক্সেস পাওয়ার যোগ্য এবং আজকের ঘোষণাটি উদীয়মান দূষকদের মোকাবেলা করার এবং বিপজ্জনক দূষণকারী থেকে বাসিন্দাদের এবং পরিবেশকে রক্ষা করার জন্য রাজ্যের দেশের নেতৃস্থানীয় বিনিয়োগের সর্বশেষ কিস্তির প্রতিনিধিত্ব করে," **গভর্নর হোকল বলেছেন।** "এই কৌশলগত বিনিয়োগগুলি আমাদের জলের পরিকাঠামোতে জীবন রক্ষাকারী উন্নতি ঘটাবে এবং লং আইল্যান্ডের লক্ষ লক্ষ মানুষের জন্য

পানীয় জল সুরক্ষিত করবে৷ নিউ ইয়র্ক এমন প্রকল্পগুলির জন্য সংস্থানগুলিকে অগ্রাধিকার দেবে যা রাজ্য জুড়ে সম্প্রদায়গুলির জন্য নির্ভরযোগ্য, পরিষ্কার জল সরবরাহ করে ভালো বেতনের চাকরি তৈরি করা এবং অর্থনৈতিক উন্নয়নকে উত্সাহ দেওয়ার সাথে সাথে।"

গভর্নর হোকলের এই উপলব্ধ তহবিলের ঘোষণা সরাসরি লং আইল্যান্ডের জল সরবরাহকারীদের তাদের পুরানো জলের পরিকাঠামো আপডেট করতে সহায়তা করবে৷ লং আইল্যান্ড প্রায় সম্পূর্ণরূপে একটি একমাত্র-উৎসের অ্যাকোয়াফায়ারের উপর নির্ভরশীল এবং জল সরবরাহকারীদের এই মূল্যবান এবং অনন্য ভূগর্ভস্থ জলের উৎস রক্ষা করতে সাহায্য করা নাসাউ এবং সাফোকের লক্ষ লক্ষ মানুষের পান করার জন্য পরিষ্কার জল পান তা নিশ্চিত করার জন্য অপরিহার্য। লং আইল্যান্ডের মানুষদের পরিষ্কার জলের অ্যাক্সেস নিশ্চিত করার জন্য এটি গভর্নরের নেওয়া আরও একটি পদক্ষেপ।

জলের পরিকাঠামোর অনুদান এমন প্রকল্পগুলিকে অগ্রাধিকার দেয় যা উদীয়মান দূষক, গুরুত্বপূর্ণ বর্জ্য জলের প্রকল্পগুলিকে সম্বোধন করে

আজকের ঘোষণায় পানীয় জলের সরবরাহ রক্ষার জন্য নিউ ইয়র্কের পদক্ষেপগুলিকে শক্তিশালী করতে পৌরসভাগুলির জন্য 225 মিলিয়ন ডলারের অনুদান অন্তর্ভুক্ত রয়েছে। আজ পর্যন্ত, উদীয়মান দূষকগুলির মোকাবেলা করে এমন প্রকল্পগুলিতে রাজ্যের জলের অনুদানে 400 মিলিয়ন ডলারেরও বেশি দেওয়া হয়েছে। রাজ্যের লক্ষ্য হল সেই সমস্ত সম্প্রদায়গুলিকে অনুদান প্রদান করা যাদের তাদের পানীয় জলে উদীয়মান দূষকগুলির মোকাবেলা করার ক্ষেত্রে তাদের প্রচেষ্টায় সাহায্যের প্রয়োজন। PFAS দূষণের মোকাবিলা করার জন্য চলমান রাজ্যব্যাপী প্রচেষ্টার অংশ হিসাবে এবং PFAS দূষণের প্রথম সারিতে থাকা সম্প্রদায়গুলিকে সাহায্য করার জন্য, এই রাউন্ডের তহবিল পানীয় জলের প্রকল্পগুলির জন্য অনুদান প্রদানকে অগ্রাধিকার প্রদান করে যা উদীয়মান দূষণকারীসমূহের মোকাবেলা করে। গুরুত্বপূর্ণ বর্জ্য জলের প্রকল্পগুলিও অনুদানের জন্য যোগ্য৷

এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিস কর্পোরেশন (Environmental Facilities Corporation) ডিপার্টমেন্টস অফ হেলথ অ্যান্ড এনভায়রনমেন্টাল কনজারভেশনের (Departments of Health and Environmental Conservation) সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে WIIA এবং IMG প্রোগ্রামগুলির পরিচালনা করে। রাজ্য 2015 সাল থেকে EFC-এর মাধ্যমে জলের পরিকাঠামোতে 1.76 বিলিয়ন ডলারের বেশি অনুদান প্রদান করেছে, যার মধ্যে রয়েছে এপ্রিল মাসে গভর্নর হোকল দ্বারা ঘোষিত 638 মিলিয়ন ডলার। এখন পর্যন্ত, EFC 488টি সম্প্রদায়কে 834টি WIIA এবং IMG অনুদান প্রদান করেছে।

সরকারের স্থানীয় ইউনিটগুলি তহবিলের জন্য আবেদন করার যোগ্য এগুলির জন্য:

- WIIA অনুদান পুরস্কারগুলি যা একটি যোগ্য বর্জ্য জল প্রকল্পের মোট খরচের 25 শতাংশ পর্যন্ত অর্থায়ন করবে, 25 মিলিয়ন ডলার পর্যন্ত।

- WIIA অনুদান পুরষ্কার যা রাজ্যের নির্ধারিত সর্বোচ্চ দূষণকারী স্তরের (MCL) উপরে উদীয়মান দূষকর সম্বোধন করে এমন প্রকল্পগুলির জন্য নেট যোগ্য প্রকল্প ব্যয়ের 60 শতাংশ অর্থায়ন করবে, মোট প্রদানের উপর কোন সীমা ছাড়া।
- অন্যান্য সমস্ত পানীয় জল প্রকল্পের জন্য WIIA অনুদান পুরস্কারগুলি, নেট প্রকল্প ব্যয়ের 60 শতাংশ পর্যন্ত প্রদান করা হবে, সর্বাধিক 5 মিলিয়ন ডলার পর্যন্ত।
- IMG পুরষ্কার যা পরিষেবাগুলি ভাগ করে এমন সম্প্রদায়ের জন্য একটি যোগ্য বর্জ্য জল বা পানীয় জল প্রকল্পের 40 শতাংশ পর্যন্ত অর্থায়ন করবে, 30 মিলিয়ন ডলার পর্যন্ত।

অনুদানের আবেদন এবং প্রয়োজনীয় সমর্থনকারী নথিপত্র EFC এর ওয়েবসাইটের মাধ্যমে জমা দিতে হবে 9 সেপ্টেম্বর বিকেল 5টার মধ্যে।

সেপ্টিক সিস্টেম প্রতিস্থাপন প্রোগ্রাম বিনিয়োগের লক্ষ্য জলের গুণমান এবং জনস্বাস্থ্য সুরক্ষা

রাজ্য জুড়ে সম্প্রদায়গুলিতে লক্ষ্যস্থির করা পুরোনো হয়ে যাওয়া এবং নিম্নমানের সেপটিক সিস্টেম এবং সেসপুল অপসারণ করার জন্য স্টেট সেপটিক সিস্টেম রিপ্লেসমেন্ট প্রোগ্রামের মাধ্যমে অতিরিক্ত 30 মিলিয়ন ডলার এখন উপলব্ধ।

সেপটিক রিপ্লেসমেন্ট প্রোগ্রাম বাড়ির মালিকদের সেসপুল প্রতিস্থাপন এবং সেপটিক সিস্টেম ডিসচার্জ দ্বারা ক্ষতিগ্রস্ত হিসেবে পরিচিত একটি জলাশয়ের চারপাশে ব্যর্থ বা অপর্যাপ্ত সেপটিক সিস্টেম প্রতিস্থাপনে উৎসাহিত করার মাধ্যমে জলের মান উন্নত করে। DEC এবং DOH অগ্রাধিকারপ্রাপ্ত ভৌগলিক এলাকাগুলি চিহ্নিত করেছে যেখানে সম্পত্তির মালিকরা পানীয় জলের জন্য ব্যবহৃত একমাত্র-উৎস অ্যাকুইফারের উপস্থিতির উপর ভিত্তি করে, সেপটিক সিস্টেমের ব্যর্থতার সাথে যুক্ত জলের গুণমানের ক্ষতি, এবং/অথবা সেপটিক সিস্টেম আপগ্রেড করার ক্ষমতা প্রশমিত করার জন্য জলের গুণমানের ক্ষতির উপর ভিত্তি করে অংশগ্রহণের যোগ্য। EFC চিহ্নিত অগ্রাধিকারপ্রাপ্ত ভৌগলিক এলাকাসহ কাউন্টিগুলোতে কিভাবে তহবিল অ্যাক্সেস করা যায় সে সম্পর্কে বিস্তারিত তথ্য প্রদান করবে। DEC এবং DOH তহবিলের ভবিষ্যতের রাউন্ডে অগ্রাধিকারপ্রাপ্ত ভৌগলিক এলাকাগুলিকে পুনর্মূল্যায়ন করবে।

নিউ ইয়র্ক স্টেট কাউন্টিগুলোতে সেসপুল এবং সেপটিক সিস্টেমগুলি প্রতিস্থাপন করা এবং আরো পরিবেশগতভাবে কার্যকর সিস্টেমগুলি ইনস্টল করার খরচের একটি অংশের জন্য যোগ্য সম্পত্তির মালিকদের ক্ষতিপূরণ দেওয়ার জন্য তহবিল প্রদান করবে। যোগ্য সম্পত্তির মালিকদের 10,000 ডলার পর্যন্ত যোগ্য খরচের 50 শতাংশ ফেরত দেওয়া যাবে। কাউন্টিগুলি প্রোগ্রামের অংশগ্রহণ এবং দূষণ হ্রাস লক্ষ্যমাত্রা সর্বোচ্চ করতে সেপটিক সিস্টেম প্রকল্পের জন্য ধাপে ধাপে প্রণোদনা পরিশোধের হার নির্ধারণ করতে পারে। ওই কাউন্টিগুলির মধ্যে যোগ্য কাউন্টি এবং অগ্রাধিকারপ্রাপ্ত ভৌগলিক এলাকাগুলির একটি তালিকা EFC এর ওয়েবসাইটে https://efc.ny.gov/septic-replacement-এ উপলব্ধ।

এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিস কর্পোরেশনের (Environmental Facilities Corporation) প্রেসিডেন্ট ও সিইও মৌরিন এ. কোলম্যান বলেছেন, "গভর্নর হোকল স্থানীয় সরকারকে অনুদান দিয়ে সহায়তা করার গুরুত্ব বোঝেন যখন পৌরসভার

ইউটিলিটিগুলি ক্রমবর্ধমান পরিকাঠামোর সমস্যাগুলির মোকাবেলা করে - বার্ধক্যজনিত সিস্টেমগুলির আধুনিকীকরণ করে, উদীয়মান দূষকদের মোকাবেলা করে, সীসার পাইপগুলি অপসারণ করে এবং জলবায়ু পরিবর্তনের প্রভাবগুলি প্রশমিত করে এমন স্থিতিস্থাপকতার ব্যবস্থা চালু করে৷ WIIA এবং IMG অনুদান প্রোগ্রামগুলি প্রোগ্রামের সূচনা থেকে পানীয় জল এবং বর্জ্য জল প্রকল্পের সাথে যুক্ত সম্ভাব্য অর্থায়নের খরচে প্রাপকদের 2 বিলিয়ন ডলারের বেশি সাশ্রয় করেছে৷ আমাদের মিউনিসিপ্যাল পার্টনারদের বিশুদ্ধ জলের সমস্যা মোকাবেলা করতে এবং গুরুত্বপূর্ণ প্রকল্পসমূহ চালু করতে সাহায্য করার জন্য অর্থায়নের সমাধান প্রদানের জন্য EFC গভর্নর হোকলকে তার চলমান প্রতিশ্রুতির জন্য ধন্যবাদ জানায়।"

পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) কমিশনার এবং এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিস কর্পোরেশন (Environmental Facilities Corporation) বোর্ডের চেয়ারম্যান বাসিল সেগোস বলেছেন, "এর মতো উল্লেখযোগ্য বিনিয়োগের সাথে, গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেট জুড়ে সম্প্রদায়গুলিতে জলের গুণমান উন্নত করাকে অগ্রাধিকার দিয়ে চলেছেন৷ আজকের অনুদানগুলি পৌরসভাগুলিকে তাদের পুরানো জল এবং নর্দমা ব্যবস্থার আপগ্রেড এবং আধুনিকীকরণ করতে, পানীয় জল সুরক্ষিত করতে এবং উদীয়মান দূষক থেকে বাসিন্দাদের রক্ষা করতে সাহায্য করার জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে। উপরন্তু, এই প্রকল্পগুলি কর্মসংস্থান সৃষ্টি করে, রাজ্যব্যাপী অর্থনীতিগুলিকে চাঙ্গা করে।"

রাজ্য স্বাস্থ্য কমিশনার ডাঃ মেরি টি. বাসেট বলেছেন, "নিউ ইয়র্ক স্টেট আমাদের পানীয় জল রক্ষা করার জন্য আমরা যা করতে পারি তা করতে প্রতিশ্রুতিবদ্ধ। এই বিনিয়োগ স্থানীয় সম্প্রদায়গুলিকে তাদের জল সরবরাহে দূষণকারীর সংস্পর্শ কমাতে পদক্ষেপ নিতে দেবে, তার সাথে আর্থিক বাধাগুলি দূর করতে সাহায্য করবে এবং আমি সম্প্রদায়গুলি যাতে জলের পরিকাঠামোর উন্নতিতে বিনিয়োগ করা চালিয়ে যেতে পারে তা নিশ্চিত করার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

ডিপার্টমেন্ট অফ স্টেট সেক্রেটারি রবার্ট জে. রড্রিগেজ বলেছেন, "বিশুদ্ধ এবং নিরাপদ পানীয় জল একটি বিলাসিতা নয় বরং একটি অধিকার যা প্রতিটি নিউ ইয়র্কবাসীর প্রাপ্য তাই এই জাতীয় অনুদান কর্মসূচিগুলি সম্প্রদায়গুলির জন্য অত্যাবশ্যক৷ স্বাস্থ্যকর পানীয় জলের সিস্টেমগুলি জীবন, অর্থনৈতিক উন্নয়ন এবং বৃদ্ধির জন্য অপরিহার্য। এই বিনিয়োগগুলিকে অগ্রাধিকার দিয়ে, গভর্নর হোকল আমাদের মহান রাজ্য জুড়ে আমাদের জলের পরিকাঠামো রক্ষা এবং উন্নত করছেন।"

অতিরিক্ত জলের গুণমানের অনুদান উপলব্ধ

গভর্নর হোকল সম্প্রতি ঘোষণা করেছেন যে রাজ্যের একত্রিত তহবিল অ্যাপ্লিকেশন (Consolidated Funding Application, CFA) এর মাধ্যমে তহবিল উপলব্ধ রয়েছে https://apps.cio.ny.gov/apps/cfa/ এ। আবেদনটি জুলাই 29, 2022 পর্যন্ত উপলব্ধ। উপলব্ধ অর্থায়নের মধ্যে রয়েছে জলের গুণমান উন্নয়ন প্রকল্পের (Water Quality Improvement Project, WQIP) অনুদান কর্মসূচির 18তম রাউন্ড। এই বছর, জলের গুণমান উন্নত করতে বা রক্ষা করতে, স্রোতে জলজ সংযোগ পুনরুদ্ধার করতে, ক্ষতিকারক অ্যালগাল ব্লুমগুলির

বিরুদ্ধে লড়াই করতে এবং পুরোনো বর্জ্য জলের পরিকাঠামো আপগ্রেড করতে সহায়তা করার জন্য অন্তত 75 মিলিয়ন ডলার উপলব্ধ রয়েছে৷ বর্জ্য জল শোধনের উন্নতি, অ-কৃষি নন-পয়েন্ট উৎস হ্রাস এবং নিয়ন্ত্রণ, উৎসের জল সুরক্ষার জন্য জমি অধিগ্রহণ, লবণ সঞ্চয়, জলজ সংযোগ পুনরুদ্ধার, এবং সামুদ্রিক জেলার অবস্থল পুনরুদ্ধার সহ ছয়টি ভিন্ন ধরনের প্রকল্পের ধরন উপলব্ধ তহবিলের জন্য। পৌরসভা এবং মৃত্তিকা ও জল সংরক্ষণ জেলাগুলি সমস্ত ধরণের প্রকল্পের জন্য আবেদন করার যোগ্য; অ-লাভজনকসংস্থাগুলি নির্বাচিত কিছু ধরনের প্রকল্পের জন্য যোগ্য এবং প্রকল্পের প্রকারের উপর নির্ভর করে অনুদানের পরিমাণ 500,000 ডলার থেকে 10 মিলিয়ন ডলার পর্যন্ত উপলব্ধ। গভর্নর ডিসেম্বরে পুরস্কারপ্রাপ্তদের শেষ রাউন্ড ঘোষণা করেছেন, যার মধ্যে রয়েছে প্রায় 7.8 মিলিয়ন ডলার প্যাচোগ বে-এর জলের গুণমান উন্নত করার জন্য, জলাশয়ে প্রবেশ করা নাইট্রোজেনের পরিমাণ কমিয়ে৷

উপলব্ধ CFA তহবিলে গ্রিন ইনোভেশন গ্রান্ট প্রোগ্রাম (GIGP) এবং ইঞ্জিনিয়ারিং প্ল্যানিং গ্রান্টস (EPG) অন্তর্ভুক্ত করা হয়েছে। সবুজ ঝড়ের জলের পরিবকাঠামো এবং পৌরসভার জল এবং শক্তি দক্ষতা প্রকল্পগুলিকে সমর্থন করার জন্য GIGP-এর মাধ্যমে অন্তত 15 মিলিয়ন ডলার উপলব্ধ। সবুজ পরিকাঠামো অনুশীলনগুলি ঝড়ের জলের প্রবাহ হ্রাস করে পুষ্টি দূষণের বিরুদ্ধে লড়াই করতে সহায়তা করে। EPG এর এই রাউন্ডের জন্য 3 মিলিয়ন ডলার পর্যন্ত উপলব্ধ করা হয়েছে। প্রাথমিক পরিকল্পনার জন্য একটি প্রকৌশল প্রতিবেদনের তহবিল প্রদানের জন্য পৌরসভার কাছে 100,000 ডলার পর্যন্ত অনুদান পাওয়া যায়, যাতে তারা তাদের বর্জ্য জল, নিকাশী এবং জলের গুণমান সংক্রান্ত প্রকল্পগুলি সম্পূর্ণ করতে সহায়তা করার উদ্দেশ্যে অর্থায়নের জন্য আরও ভালভাবে প্রস্তুত হতে পারে।

পানির মানের প্রতি নিউ ইয়র্কের প্রতিশ্রুতি

নিউ ইয়র্ক পরিষ্কার পানি অবকাঠামো প্রকল্পসমূহে বিনিয়োগ বৃদ্ধি করে চলেছে। গভর্নর হোকলের নেতৃত্বে, প্রণীত বাজেটটি ল্যান্ডমার্ক পরিষ্কার জল, পরিচ্ছন্ন বায়ু এবং সবুজ কর্মসংস্থান পরিবেশ বন্ড অ্যাক্টের (Clean Water, Clean Air, and Green Jobs Environmental Bond Act) জন্য মোট 4.2 বিলিয়ন ডলারের জন্য অতিরিক্ত 1.2 বিলিয়ন ডলারের অনুমোদন প্রদান করে। এই বছরের শেষের দিকে ভোটারদের দ্বারা গৃহীত এই ঐতিহাসিক উদ্যোগটি জলের পুরাতন অবকাঠামো আপডেট করবে এবং জলের গুণমানকে রক্ষা করবে; বায়ুর দূষণ কমাবে এবং জলবায়ু-পরিবর্তনকারী নির্গমনগুলি হ্রাস করবে; বাসস্থান পুনরুদ্ধার করবে; তীব্র ঝড় এবং বন্যা সহ্য করার জন্য সম্প্রদায়গুলির ক্ষমতাকে শক্তিশালী করবে; বহিরঙ্গনের স্থান এবং স্থানীয় খামারগুলিকে সংরক্ষণ করবে; এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলির সম্পদে, 40 শতাংশের লক্ষ্য সহ অন্তত 35 শতাংশ বিনিয়োগ করবে।

পরিষ্কার পানি, পরিচ্ছন্ন বায়ু, এবং সবুজ কর্মসংস্থান পরিবেশ বন্ড অ্যাক্ট ছাড়াও, বাজেটে রেকর্ড পরিমাণ 400 মিলিয়ন মার্কিন ডলারের এনভায়রনমেন্টাল প্রোটেকশন তহবিল (Environmental Protection Fund, EPF) রয়েছে, যা জলবায়ু পরিবর্তন প্রশমন এবং অভিযোজন প্রচেষ্টা সমর্থন করবে, স্থায়ী কৃষির প্রচারে কৃষি সংস্থান উন্নয়ন করবে, আমাদের জলের উৎসসমূহকে রক্ষা করবে, সংরক্ষণ প্রচেষ্টা অগ্রসর করবে, এবং নিউ ইয়র্কবাসীদের বিনোদনের সুযোগ প্রদান করবে। এছাড়াও বাজেটে পরিষ্কার জলের পরিকাঠামোর অর্থায়নের

জন্য আরো 500 মিলিয়ন ডলার অন্তর্ভুক্ত আছে যা 2017 সাল থেকে স্টেটের পরিষ্কার জলের বিনিয়োগ মোট 4.5 বিলিয়ন ডলার করবে।

স্থানীয় সরকারগুলোকে ক্লিন ওয়াটারশেডস নিডস (Clean Watersheds Needs) সমীক্ষায় অংশগ্রহণ করার জন্য উৎসাহিত করা হচ্ছে
EFC মিউনিসিপ্যালিটিগুলিকে এনভায়রনমেন্টাল প্রোটেকশন এজেন্সির (Environmental Protection Agency, EPA) পরিষ্কার ওয়াটারশেড চাহিদা জরিপে (Clean Watersheds Needs Survey) অংশগ্রহণ করতে তাগিদ দিচ্ছে যা EFC 1 মার্চ নিউ ইয়র্কে শুরু করেছে। এতে অংশগ্রহণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণ এটি ভবিষ্যতের পরিষ্কার পানির অবকাঠামো প্রকল্পগুলোর জন্য তহবিল প্রদান করতে নিউ ইয়র্ক স্টেটকে ক্লিন ওয়াটার স্টেট রিভলভিং ফান্ড থেকে কী পরিমাণ ডলার বরাদ্দ দেয়া হবে তাতে প্রভাব ফেলতে পারে। মিউনিসিপ্যালিটিগুলিকে EPA-তে জমাদানের জন্য তাদের সম্প্রদায়ের বর্জ্য পানি অবকাঠামোর চাহিদা নথিভুক্ত করতে বলা হয়েছে। ডকুমেন্টেশন জমা দিতে এবং জমাগুলি নিয়ে সহায়তা করতে সংস্থানের জন্য, এখানে দেখুন।

সংসদ সদস্য স্টিভ এঙ্গেলব্রাইট বলেছেন, "আজকের ঘোষণা নিশ্চিত করতে সাহায্য করবে যে লং আইল্যান্ডবাসীদের পরিষ্কার, নিরাপদ পানীয় জলের অ্যাক্সেস আছে, সাফোক সেপটিক প্রোগ্রামে প্রচন্ড বিনিয়োগ ছাড়া। আমি গভর্নর হোকলকে তার নেতৃত্বের জন্য ধন্যবাদ জানাই এবং নিউ ইয়র্কের জন্য পরিবেশগত বিজয় অর্জনের জন্য এক সাথে কাজ করার জন্য উন্মুখ।"

সাফোক কাউন্টির নির্বাহী স্টিভ বেলোন বলেছেন, "একটি দ্বীপ হিসাবে, আমাদের জল আমাদের সব চেয়ে মূল্যবান সম্পদ এবং এটিকে রক্ষা করার জন্য আমাদের যথাসাধ্য করতে হবে। আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই গুরুত্বপূর্ণ জলের পরিকাঠামোতে বিনিয়োগ করার উদ্দেশ্যে তার অব্যাহত প্রতিশ্রুতির জন্য। কাউন্টির স্তরে আমাদের প্রচেষ্টার সাথে রাজ্যের প্রচেষ্টা আগামী প্রজন্মের জন্য নিরাপদ, স্বাস্থ্যকর জল নিশ্চিত করবে।"

সিটিজেনস ক্যাম্পেইন ফর দ্যা এনভায়রনমেন্টের (Citizens Campaign for the Environment) নির্বাহী পরিচালক অ্যাড্রিয়েন এস্পোসিটো বলেছেন, "যে কোন লং আইল্যান্ডবাসীকে জিজ্ঞাসা করুন যে তারা পরিষ্কার জল সমর্থন করেন কিনা এবং আপনি একটি অনুনদী হ্যাঁ পাবেন। লং আইল্যান্ডের পরিষ্কার জলের প্রয়োজন! লং আইল্যান্ডকে টেকসই করতে এবং জনস্বাস্থ্যকে রক্ষার জন্য আমাদের বর্জ্য জল এবং পানীয় জলের ব্যবস্থাগুলির উন্নতি এবং আপডেট করা অপরিহার্য। আমাদের দ্বীপগুলির জলের গুণমান রক্ষা এবং পুনরুদ্ধার করার লড়াইটি সম্পূর্ণ শক্তিতে চলেছে এবং এই যুদ্ধে জয়ী হওয়ার জন্য আমাদের অর্থায়ন অত্যন্ত প্রয়োজন। আমরা আনন্দিত যে গভর্নর হোকল রাজ্যের সহায়তার প্রবল গুরুত্বটি বোঝেন। এই রাজ্যের অর্থায়ন আমাদের দূষণের বিরুদ্ধে যুদ্ধে নিয়ন্ত্রণ পেতে সাহায্য করবে এবং লং আইল্যান্ডের জলকে পরিষ্কার ও নিরাপদ রাখতে সাহায্য করবে।"

নেচার কনজারভেন্সির লং আইল্যান্ডের নীতির উপদেষ্টা কেভিন ম্যাকডোনাল্ড বলেছেন, "নেচার কনজারভেন্সি (The Nature Conservancy) গভর্নর ক্যাথি হোকলকে লং আইল্যান্ডে পরিষ্কার জল, স্বাস্থ্যকর সৈকত এবং উপসাগর ফিরিয়ে আনার জন্য তার

অঙ্গকরবদ্ধতার জন্য সাধুবাদ জানায়৷ আমাদের স্থানীয় জল এবং বর্জ্য জলের পরিকাঠামো আজকের প্রয়োজনের জন্য অপর্যাপ্ত। ঐতিহ্যগত সেপটিক সিস্টেম থেকে নাইট্রোজেন দূষণ আমাদের স্বাস্থ্য, অর্থনীতি এবং জীবনযাত্রাকে বিপদের সম্মুখীন করে। লং আইল্যান্ডে পরিষ্কার জল পুনরুদ্ধার করার জন্য আমাদের আরও বিনিয়োগের প্রয়োজন এবং আমরা রোমাঞ্চিত যে আজ রাজ্যের বাজেটে গভর্নর এবং আইনসভার দ্বারা বরাদ্দ করা অর্থ দূষণকারী সেপটিক সিস্টেমগুলিকে পরিষ্কার জলের প্রযুক্তির দ্বারা প্রতিস্থাপন করতে ব্যবহার করা হবে।"

সাফোক কাউন্টি ওয়াটার অথরিটির (Suffolk County Water Authority) প্রধান নির্বাহী কর্মকর্তা জেফরি ডব্লিউ. সাজাবো বলেছেন, "SCWA রেটদাতাদের পক্ষ থেকে আমরা নিউ ইয়র্ক স্টেট জুড়ে জল সরবরাহকারীদের উদ্দেশ্যে এই গুরুত্বপূর্ণ তহবিল উপলব্ধ করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই৷ সাফোক কাউন্টি ওয়াটার অথরিটি ব্যাপক পরীক্ষা এবং উদ্ভাবনী চিকিৎসা প্রযুক্তির বিকাশের মাধ্যমে উদীয়মান দূষকগুলির মোকাবেলা করার জন্য সক্রিয়ভাবে লক্ষ লক্ষ্য ডলার বরাদ্দ করেছে, তবে এখনও অনেক দূর যেতে হবে। সাফোক কাউন্টির বাসিন্দাদের উচ্চ মানের পানীয় জলের অ্যাক্সেস অব্যাহত রাখার বিষয়টি নিশ্চিত করার সাথে সাথে রাজ্যের অর্থায়ন আমাদের রেটদাতাদের জন্য খরচ কম রাখে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন